


যুগান্তর

জীবননগরে এক পরীক্ষার্থীর দায়িত্বে ১৩ জন!

প্রকাশ : ০৪ নভেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 জীবননগর (চুয়াডাঙ্গা) প্রতিনিধি

জীবননগরে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় একটি কেন্দ্রে বাংলা দ্বিতীয়পত্র বিষয়ে পরীক্ষার্থী ছিল মাত্র একজন। আর পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালন করেছেন ১৩ জন। ওই পরীক্ষার্থীর নাম আবদুল্লাহ আল শেহান। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী। শনিবার উপজেলার উখলী মাধ্যমিক বালিকা বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষায় অংশ নেয় আবদুল্লাহ আল শেহান। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ওই পরীক্ষা কেন্দ্রে শনিবার পরীক্ষার্থীর সংখ্যা একজন হলেও এর জন্য দায়িত্বে ছিলেন ইউএনওর প্রতিনিধি হিসেবে উপজেলা বিআরডিবি কর্মকর্তা, কেন্দ্রে সচিব ও হল সুপারসহ পাঁচজন শিক্ষক, কক্ষপরিদর্শক দু'জন, একজন চিকিৎসক, দু'জন পুলিশ এবং চতুর্থ শ্রেণীর কর্মচারী দু'জন। এছাড়া অন্যান্য দিনের মতো পরীক্ষা চলাকালে কেন্দ্রের আশপাশে ১৪৪ ধারা জারি করা হয়। কেন্দ্রে সচিব ও উখলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক লুৎফর রহমান বলেন, পরীক্ষার্থী মাত্র একজন হলেও আয়োজন রয়েছে পুরোপুরি। দায়িত্বে কোনো কমতি করা হয়নি। যার যার দায়িত্ব সবাইকে পালন করতে হয়েছে। জেএসসি পরীক্ষার্থী আবদুল্লাহ আল শেহান ২০১৭ সালে জেএসসি পরীক্ষায় অংশ নিলেও তার বাবা মারা যাওয়ার কারণে পরীক্ষা দেয়া বন্ধ করে দেয়। এ কারণে পুরনো সিলেভাস অনুযায়ী তাকে এ বছর অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে শনিবার বাংলা দ্বিতীয়পত্রের পরীক্ষায় অংশ নিতে হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।